# গাফির (আল মু'মিন) | Ghafir (Al-Mu□min) | (غَافِر(اَلْمُؤْمِن

আয়াতঃ ৪০ : ৮৪

## আরবি মূল আয়াত:

فَلَمَّا رَاَوۡا بَاۡسَنَا قَالُوۡۤا اٰمَنَّا بِاللّٰهِ وَحۡدَهٗ وَ كَفَرۡنَا بِمَا كُنَّا بِهٖ مُشۡرِكِیۡنَ ﴿۸۴﴾

## অনুবাদসমূহ:

তারপর তারা যখন আমার আযাব দেখল তখন বলল, ‘আমরা এক আল্লাহর প্রতি ঈমান আনলাম, আর যাদেরকে আমরা তার সাথে শরীক করতাম তাদেরকে প্রত্যাখ্যান করলাম’। — আল-বায়ান

আমার শাস্তি তারা যখন দেখল তখন তারা বলল- আমরা এক আল্লাহর প্রতি ঈমান আনলাম আর যাদেরকে আমরা (আল্লাহর) শরীক গণ্য করতাম তাদেরকে প্রত্যাখ্যান করলাম। — তাইসিরুল

অতঃপর যখন তারা আমার শাস্তি প্রত্যক্ষ করল তখন বললঃ আমরা এক আল্লাহয়ই ঈমান আনলাম এবং আমরা তাঁর সাথে যাদেরকে শরীক করতাম তাদেরকে প্রত্যাখ্যান করলাম। — মুজিবুর রহমান

And when they saw Our punishment, they said," We believe in Allah alone and disbelieve in that which we used to associate with Him." — Sahih International

৮৪. অতঃপর তারা যখন আমাদের শাস্তি দেখল তখন বলল, আমরা একমাত্র আল্লাহ্র উপর ঈমান আনলাম এবং আমরা তার সাথে যাদেরকে শরীক করতাম তাদের সাথে কুফরী করলাম।

-

তাফসীরে জাকারিয়া

(৮৪) অতঃপর ওরা যখন আমার শাস্তি প্রত্যক্ষ করল, তখন বলল, ‘আমরা এক আল্লাহতেই বিশ্বাস করলাম এবং আমরা তাঁর সঙ্গে যাদেরকে অংশী করতাম তাদেরকে প্রত্যাখ্যান করলাম।’

-

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4217

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন